

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 27-10-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**PM Mann Ki Baat EP-127:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল ‘মন কি বাত’ অনুষ্ঠানের ১২৭ তম পর্বে অংশগ্রহণ করেন। তিনি প্রথমেই দেশবাসীকে দীপাবলি ও এর পরবর্তী ছট পূজা উৎসবের শুভেচ্ছা জানান। একইসঙ্গে মাওবাদী অধ্যুষিত এলাকায় দীপাবলির আলোর উজ্জ্বলতা, সারাদেশে জিএসটি সাশ্রয় উৎসব, স্বদেশী জিনিস বেচা কেনা, শরীর স্বাস্থ্যের জন্য ভোজ্য তেলের ব্যবহার কমানো, পরিচ্ছন্নতা ও স্বাস্থ্য বিধি সংক্রান্ত বিভিন্ন অভিযান, ম্যানগ্রোভ ও বাস্তুতন্ত্রের মান উন্নতি, নিরাপত্তা ক্ষেত্রে ভারতীয় প্রজাতির গোয়েন্দা কুকুরের সংখ্যা বাড়ানোর বিভিন্ন উদ্যোগের কথা তুলে ধরেন। এর পাশাপাশি প্রধানমন্ত্রী সর্দার প্যাটেলের ১৫০ তম জন্মবার্ষিকী ও জাতীয় একতা দিবসের দৌড়, ওড়িশার কোরাপুট কফিসহ উত্তরপূর্ব এবং অন্য অঞ্চলে বিশ্বের সেরা মানের কফি উৎপাদনের কথাও তুলে ধরেন। এছাড়া বন্দেমাতরম সঙ্গীত রচনার ১৫০ বছর উদযাপন, দৈনন্দিন জীবনে তরুণ প্রজন্মের সংস্কৃত ভাষা প্রয়োগের প্রয়াস, ভগবান বিরসা মুন্ডার জন্ম জয়ন্তী ও আদিবাসী গৌরব দিবস উদযাপন সহ আরও একগুচ্ছ ইতিবাচক বিষয় নিয়েও মন কি বাতে আলোচনা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

##### Byte #####

\*\*\*\*\*

**CM-Takarjala-Maan Ki Baat :**

মুখ্যমন্ত্রী অধাপক ডক্টর মানিক সাহা গতকাল সিপাহীজলা জেলার টাকারজলা বিধানসভা কেন্দ্রের ৩০ নং বুথে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন কি বাত অনুষ্ঠান শোনে। পরে তিনি আকাশবাণীর সিপাহীজলা প্রতিনিধিকে বলেন, প্রধানমন্ত্রী তার মন কি বাত অনুষ্ঠানের প্রতিটি পর্বে বিভিন্ন প্রান্তের বিভিন্ন বিষয়গুলিকে দেশবাসীর সামনে তুলে ধরেন।

\*\*\*\*\*

### **Deep-Sea Fishing Vessels distribution:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায়মন্ত্রী অমিত শাহ আজ মুম্বাইয়ের মাজাগাঁও ডকে স্টেট-অফ-দ্য-আর্ট গভীর সমুদ্রে মাছ ধরার জলযান বিতরণ করবেন। গভীর সমুদ্রে মাছ ধরায় সমবায়কেন্দ্রিক ব্যবস্থাপনার ক্ষেত্রে এই কর্মসূচি এক ঐতিহাসিক মাইলফলক তৈরি করবে। আর সেটিই মাছ ধরার পেশায় আত্মনির্ভর, সুস্থায়ী এবং সমবেত ক্ষমতায়নে ভারতের দায়বদ্ধতার প্রতীক হয়ে উঠবে। এই জলযানগুলি প্রতি ইউনিটের খরচ এক কোটি কুড়ি লক্ষ টাকা। আর এর সুবিধা প্রাপকরা প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার আওতায় মহারাষ্ট্র সরকার, জাতীয় সমবায় বিকাশ নিগম -এনসিডিসি এবং ভারত সরকারের মৎস্য বিভাগের কাছ থেকে এই আর্থিক সহায়তা পেতে চলেছেন। উল্লেখ্য নীল অর্থনীতিকে শক্তিশালী করার মাধ্যমে আত্মনির্ভর ভারত গড়ার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দায়বদ্ধতার প্রমাণ হিসেবেই আজকের এই পদক্ষেপ।

\*\*\*\*\*

### **Run For Unity :**

রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন জেলায় একতার জন্য দৌড়ের আয়োজন করছে পুলিশ। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, টিএসআর

ব্যাটেলিয়ানগুলির পাশাপাশি ছাত্রছাত্রী থেকে শুরু করে সাধারণ নাগরিকরাও দৌড়ে অংশ নিয়েছেন।

এই উপলক্ষে গতকাল টিএসআর নবম বাহিনীর উদ্যোগে জোলাইবাড়ির ঠাকুরছড়া বাজার থেকে সাঁচীরামবাড়িতে টিএসআর নবম বাহিনীর সদর দপ্তর পর্যন্ত একতার জন্য দৌড় অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

### **Flight operation :**

আগরতলা এম বি বি বিমানবন্দর থেকে দু'টি নতুন বিমান পরিষেবা গতকাল চালু হয়েছে। ইন্ডিগো বিমান সংস্থার একটি বিমান প্রতিদিন সকাল ৬ টা ১৫ মিনিটে আমেদাবাদ থেকে ছেড়ে কলকাতা হয়ে আগরতলায় আসবে। ঐ বিমানটি সকাল ১০ টা ৫০ মিনিটে আগরতলা থেকে আমেদাবাদের উদ্দেশ্যে রওনা হবে। এদিকে, গতকাল থেকেই এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস আগরতলা-বাগডোগরার মধ্যে সরাসরি বিমান পরিষেবা শুরু করেছে।

\*\*\*\*\*

### **Purba Masli AAM NQAS certification:**

ধলাই জেলার মাছলি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অধীন পূর্ব মাছলি আয়ুষ্স্মান আরোগ্য মন্দির জাতীয় গুণগতমান নিশ্চিতকরণ মানদণ্ড (NQAS) শংসাপত্র অর্জনের এক উল্লেখযোগ্য সাফল্য লাভ করে। ২০২৫ সালের ১৯শে আগস্ট এই মূল্যায়ন পরিচালিত হয়েছিল। পূর্ব মাছলি আয়ুষ্স্মান আরোগ্য মন্দির ৮০.৪৯ শতাংশ স্কোর অর্জন করে। মাছলি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত স্বাস্থ্য অধিকারীক ডাঃ জগত বিলাস চাকমা জানান, গত ছয় মাস ধরেই এই প্রয়াস চলছিল আগামী দিন কি করে আরো ভালো সফলতা অর্জন করা যায় সেদিকে নজর থাকবে।

\*\*\*\*\*

## **PM-ASEAN:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, একবিংশ শতাব্দী ভারত এবং আসিয়ানের শতাব্দী। মালয়েশিয়ায় অনুষ্ঠিত আসিয়ান-ভারত শীর্ষ সম্মেলনে ভার্চুয়ালি ভাষণ দিতে গিয়ে গতকাল শ্রী মোদী জোর দিয়ে বলেন, ভারত এবং আসিয়ান একযোগে বিশ্বের প্রায় এক-চতুর্থাংশ জনসংখ্যার প্রতিনিধিত্ব করে। প্রধানমন্ত্রী আরও বলেন, ভারত প্রতিটি দুর্বোলে তার আসিয়ান বন্ধুদের পাশে দৃঢ়ভাবে দাঁড়িয়েছে। তিনি ২০২৬ সালকে "আসিয়ান-ভারত সামুদ্রিক সহযোগিতার বছর" হিসাবে ঘোষণা করেন।

এদিকে ভারত এবং আসিয়ান মেনে নিয়েছে, পর্যটন হলো উভয় পক্ষের জনগণের মধ্যে যোগাযোগ বৃদ্ধির একটি কার্যকর উপায়। এক যৌথ বিবৃতিতে, উভয়পক্ষই সবুজ, নীল এবং বৃত্তাকার অর্থনীতি পরিচালিত সুস্থায়ী পর্যটন প্রচারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে যা গ্রহ-বান্ধব এবং প্রকৃতি-ইতিবাচক, উচ্চমানের পর্যটন অভিজ্ঞতা এবং শিল্প বিকাশ নিশ্চিত করে।

\*\*\*\*\*

## **Pravin Mela :**

গভর্নমেন্ট পেনশনার্স এসোসিয়েশন, ত্রিপুরা'র কৈলাশহর শাখার উদ্যোগে ৩৫ তম বিশ্ব প্রবীণ দিবস উপলক্ষ্যে গতকাল উনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হয় প্রবীণ মেলা। এই কর্মসূচীতে সংগঠনের চারজন অশীতিপর সদস্যকে সংবর্ধনা জানানো হয়। পরিবেশিত হয় সংগীত এবং আবৃত্তিও।

\*\*\*\*\*

## **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। ভোরের দিকে হালকা কুয়াশা ছিল  
| আগামী ২৪ ঘন্টায় সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে  
পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৫ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*